# ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে প্রধান বিচারপতির সৌজন্য সাক্ষাৎ: বিচার বিভাগের সংস্কারে প্রশংসা



সংগৃহীত ছবি

বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সাক্ষাতে তিনি প্রধান বিচারপতির নেতৃত্বে বিচার বিভাগের প্রাতিষ্ঠানিক স্বাধীনতা ও সংস্কারমূলক পদক্ষেপের প্রশংসা জানান এবং ভবিষ্যতে সহযোগিতার আশ্বাস দেন।

আজ মঙ্গলবার (১৯ আগস্ট) দুপুরে প্রধান বিচারপতির কার্যালয়ে প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। এ সময় বিচার বিভাগের চলমান সংস্কার, সেবা প্রদান ও উন্নয়নমূলক কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সাক্ষাতে ব্রিটিশ হাইকমিশনার প্রধান বিচারপতির এক বছরের দায়িত্বকালকে গুরুত্বপূর্ণ হিসেবে উল্লেখ করেন এবং বিচার বিভাগের প্রাতিষ্ঠানিক স্বাধীনতা ও সংস্কারে তার ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। তিনি প্রধান বিচারপতির রোডম্যাপ, স্বচ্ছতা বৃদ্ধির ১২ দফা নির্দেশনা, লিগ্যাল এইড ক্যাপাসিটি টেস্ট, সুপ্রিম জুডিসিয়াল অ্যাপয়েন্টমেন্ট কাউন্সিলের মাধ্যমে উচ্চ আদালতে বিচারক নিয়োগ, সুপ্রীম কোর্ট হেল্পলাইন চালু এবং অধস্তন আদালতের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগগুলোকে কার্যকর ও সময়োপযোগী পদক্ষেপ হিসেবে তুলে ধরেন।

সাক্ষাতের শেষে তিনি বলেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা ও ন্যায়বিচার নিশ্চিত করতে প্রধান বিচারপতির নেতৃত্ব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এছাড়া বাংলাদেশে একটি শক্তিশালী বিচার বিভাগ গড়ে তুলতে যুক্তরাজ্য সবরকম সহযোগিতা করবে বলেও আশ্বাস দেন ব্রিটিশ হাইকমিশনার।